মেহেরপুরে পৃথক পতাকা বৈঠকে ২২ বাংলাদেশিকে হস্তান্তর

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে দিনে দুই দফায় মোট ২২ জন বাংলাদেশি নাগরিককে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

গতকাল শুক্রবার সকালে পতাকা বৈঠকের মাধ্যমে ৪ জনকে ফেরত দেওয়ার পর সন্ধ্যায় আরেক দফায় আরও ১৮ জনকে ফেরত দেওয়া হয়। গাংনী উপজেলার কাজিপুর সীমান্তের ১৪৭ নম্বর পিলারের কাছে এ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

বিজিবি সূত্র জানায়, ফেরত আসা বাংলাদেশিরা সীমান্ত এলাকা দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। পরে বিএসএফ তাদের আটক করে। পরবর্তীতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ১৬২ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে কোম্পানি কমান্ডার পর্যায়ের বৈঠকের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে তাদের হস্তান্তর করা হয়।

অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে সীমান্ত এলাকায় কঠোর নজরদারিতে রয়েছে বিজিবি।

মুজিবনগরে পতাকা বৈঠকে শিশু-সহ ৪ বাংলাদেশিকে হস্তান্তর

মেহেরপুরের মুজিবনগর সীমান্তের স্বাধীনতা সড়কে বাংলাদেশ-ভারত সীমান্তের ১০৫ নম্বর পিলারের কাছে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতে অনুপ্রবেশকারী এক শিশুসহ চার বাংলাদেশি নাগরিককে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

আজ শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে অনুষ্ঠিত কোম্পানি কমান্ডার পর্যায়ের পতাকা বৈঠকে তাদের হস্তান্তর করা হয়। তারা হলেন-

চাঁদপুর জেলার হাজীগঞ্জ থানার শহিদুল্লাহর ছেলে রতন হোসেন (৩৭), রতনের স্ত্রী রাবেয়া আক্তার (৩৪), মেয়ে হাবিবা খাতুন ও ছেলে ইমাম হোসেন।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) পরিচাললক অধিনায়ক লে: কর্ণেল মো: নাজমুল হাসান জানান, বিজিবির মুজিবনগর কোম্পানি কমান্ডার সুবেদার আবুল বাসার মিয়া এবং বিএসএফের কৃশানগর কোম্পানি কমান্ডার ধর্মবীর সিং বৈঠকে উপস্থিত ছিলেন। বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের অংশ হিসেবে এ ধরনের পতাকা বৈঠক দুই দেশের মধ্যে আস্থা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করছে।

দর্শনা সীমান্ত দিয়ে ১২ বাংলাদেশিকে হস্তান্তর

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্ত দিয়ে ১২ বাংলাদেশিকে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে বিজিবি-বিএসএফ কম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে তাদের হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবির) পরিচালক নাজমুল হাসান এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, আজ মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ৩২ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে উপজেলার দর্শনা সীমান্ত মেইন পিলার ৭৬-এর কাছে শূন্য লাইনে কম্পানি কমান্ডার পর্যায়ে একটি আনুষ্ঠানিক পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। পতাকা বৈঠকে দর্শনা কম্পানি কমান্ডার সুবেদার আশরাফুল ইসলাম এবং ৩২ বিএসএফ ব্যাটালিয়নের গেদে কম্পানি কমান্ডার এ সি সুরন্দার সিং উপস্থিত ছিলেন।

পতাকা বৈঠকের আলোচনার এক পর্যায়ে, বিভিন্ন সময়ে বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশকারী ১২ জন বাংলাদেশি নাগরিককে ভারতীয়

সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। এদের মধ্যে ৯ জন পুরুষ, ২ জন নারী ও ১ জন অপ্রাপ্তবয়স্ক শিশু রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, ওই সব ব্যক্তি বিভিন্ন সময়ে সীমান্তের বিভিন্ন স্থান দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে ভারতের বিভিন্ন রাজ্যে বসবাস করছিল।

নাজমুল হাসান আরো জানান, বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের অংশ হিসেবে এ ধরনের পতাকা বৈঠক দুই দেশের মধ্যে আস্থা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করছে।

পরে তাদের দর্শনা থানায় হস্তান্তর করা হয়েছে। দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহীদ তিতুমীর বিষয়টি নিশ্চিত করে বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ১২ জনকে দর্শনা থানায় হস্তান্তর করেছেন।

মুজিবনগর সীমান্তে ৯ বাংলাদেশিকে হস্তান্তর করলো বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে ৯ বাংলাদেশি নাগরিককে বিজিবির কাছে হস্তান্তর করেছে ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।

বৃহস্পতিবার (১৪ আগস্ট) সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে মেইন পিলার ১০৫-এর নিকটে শূন্য লাইনে কোম্পানি কমান্ডার পর্যায়ে এই পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

হস্তান্তর হওয়া ব্যক্তিরা হলেন— ফরিদপুর ভাঙ্গা থানার ওদুদ শেখের ছেলে আবু সাইদ (৪৫), তার স্ত্রী বিউটি বেগম (৪০), ছেলে সম্রাট
(৭) ও মেয়ে শিমলা আক্তার (১১), ফরিদপুর নগরকান্দা থানার

বদিরুজ্জামান (৩৯), তার স্ত্রী ডলি (৩৫), মেয়ে লামিয়া আক্তার (৬), ছেলে আলী আকবার (৪) ও মেয়ে ছাদিয়া আক্তার (১.৫)।

বিজিবি জানায়, পতাকা বৈঠকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের মুজিবনগর কোম্পানি কমান্ডার আবুল বাশার এবং ভারতের হৃদয়পুর ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের কোম্পানি কমান্ডার সজল কুমার গাঙ্গুয়া উপস্থিত ছিলেন। আলোচনার এক পর্যায়ে পূর্বে বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতে প্রবেশ করা এই ৯ বাংলাদেশিকে বিএসএফ বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা জানান, সীমান্তের বিভিন্ন পথ দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে উড়িষ্যা রাজ্যে বসবাস করছিলেন। পরে বিএসএফ তাদের মুজিবনগর স্বাধীনতা সড়ক হয়ে এনে বিজিবির হাতে তুলে দেয়।

ফেরত আসা সবাইকে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

দর্শনা সীমান্তে ২২ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করলো বিএসএফ

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক জয়নগর সীমান্ত দিয়ে আটক ২২ বাংলাদেশিকে বাংলাদেশ বর্ডার গার্ডের (বিজিবি) কাছে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

বুধবার (১৩ আগস্ট) বেলা সাড়ে ১২টায় বাংলাদেশ বিজিবি ও ভারতের বিএসএফ এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে অনুষ্ঠিত পতাকা বৈঠকে এ হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়।

এরা বিভিন্ন সময়ে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে আটক হওয়া

২২ বাংলাদেশি নাগরিককে আনুষ্ঠানিকভাবে ফেরত দিয়েছে ভারত।

চুয়াডাঙ্গার দর্শনা আইসিপি দিয়ে তাদের বাংলাদেশে হস্তান্তর করা হয়। চুয়াডাঙ্গা ৬ বিজিবি সূত্রে জানা গেছে, বিভিন্ন সময় সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের অভিযোগে আটক এই ২২ বাংলাদেশি নাগরিককে ভারতের গেদে ৩২ বিএসএফ দীর্ঘ প্রক্রিয়া শেষে ফেরত দেয়।

পতাকা বৈঠক শেষে ভারতের হেফাজত থেকে তাদের আনুষ্ঠানিকভাবে গ্রহণ করে বিজিবি।
চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক নাজমুল হাসান জানান, ফেরতপ্রাপ্তরা ভারতের হায়দ্রাবাদ জেলখানায় বন্দি ছিলেন।

ফেরতকৃতদের মধ্যে ১২ জন নারী ও ১০ জন পুরুষ রয়েছে। আটককৃত হলো নোয়াখালী জেলার লক্ষ্মীপুর থানার চানগাজি গ্রামের বেলাল হোসেনের মেয়ে সুমাইয়া আক্তার (১৯), বরিশাল জেলার কাজিরহাট থানার সন্ধার মানিক গ্রামের আব্দুর রহমান সরদারের মেয়ে মীম (১৫), মানিকগঞ্জ জেলার হরিরামপুর থানার সিকারপুর গ্রামের আয়রিন আক্তার (১৭), নোয়াখালী জেলার সোনাইমুড়ি থানার লোকমান খন্দকার গ্রামের সাইফুল ইসলামের মেয়ে উম্মে হানি সানু (১৮), গাজীপুর জেলার রেউলা বাড়ি গ্রামের আলী মোল্লার মেয়ে মিম (২০), খুলনা জেলার খুলনা সদর থানার হাজী বাড়ি গ্রামের বাবু মিয়ার মেয়ে চাহিদা আক্তার মিম (২৪), খুলনা জেলার দিঘলিয়া থানার ধরিমহিষদিয়া গ্রামের মৃত নুরুল ইসলামের মেয়ে আফরিন খানম (২৭), রাজবাড়ী জেলার বালিয়াকান্দি থানার রাজবাড়ী গ্রামের আব্দুল ফকিরের মেয়ে আাবেদা আক্তার (২০), নরসিংদী জেলার শিবপুর থানার গাজুটিয়া গ্রামের সাইফুল ইসলামের মেয়ে শিউলি বেগম (৩২), চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার চন্দ্রবাস গ্রামের আবু বক্কর সিদ্দিকের মেয়ে রওশন আরা খাতুন (২৩), পিরোজপুর জেলার মঠবাড়িয়া থানার নবীনগর গ্রামের কালো চকিদারের মেয়ে আক্তার (২৬), চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানার দক্ষিণ সাইদবাড়ি গ্রামের মোস্তাদিরের মেয়ে রোমান (৪২), শরীয়তপুর জেলার বদরগঞ্জ থানার মাল্লিককান্দি গ্রামের মানিক মোল্লার ছেলে রাশেদ মোল্লা (২১), বাগেরহাট জেলার শরণখোলা থানার উত্তর আমড়াগাছিয়া গ্রামের সবুর খানের ছেলে আলাউদ্দিন আপন (২২), খুলনা জেলার দিঘলিয়া থানার মহেশদিয়া গ্রামের মৃত নূর শেখের ছেলে আরিফ (৩১), নড়াইল জেলার কালিয়া থানার ইসলামপুর গ্রামের গোলাম মোল্লার ছেলে হাবিব মোল্লা (৩৪), খুলনা জেলার দিঘলিয়া থানার মহিষদিয়া গ্রামের মুনসুর মোল্লার ছেলে তারেক মোল্লা (৩০), নড়াইল জেলার কালিয়া থানার বিন্দারচর গ্রামের মীর মোহাম্মদ আলীর ছেলে রোশান আরিজ

(৩৫), ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া থানার উত্তর পাইকপাড়া গ্রামের যোগেশ্বর দাসের ছেলে কৃষ্ণ চন্দ্র দাস (২৩), ঢাকা জেলার দোহার থানার কাঠালিয়া গ্রামের শামসুদ্দিনের ছেলে সালাউদ্দিন (৫১), নওগাঁ জেলার পত্নীতলা থানার দরিয়া গ্রামের সিদ্দিকুল ইসলামের মেয়ে মোসাম্মৎ সাথী পারভিন (৩০) ও ঠাকুরগাঁও জেলার হরিপুর থানার যামুন গ্রামের ফজলুর রহমানের ছেলে আরমান আলী (২৩)।

এরা দীর্ঘদিন ধরে ভারতে বিভিন্ন কাজে লিপ্ত ছিল। এদের এক সপ্তাহ আগে ভারতীয় বিএসএফ আটক করে।

আজ তাদের দর্শনা সীমান্ত দিয়ে বিজিবির কাছে হস্তান্তর করে। তিনি আরও জানান, প্রাথমিক যাচাই-বাছাই শেষে তাদের দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

অবৈধ অনুপ্রবেশকারী ১৫ বাংলাদেশীকে পরিবারের কাছে হস্তান্তর

গতকাল বৃহস্পতিবার ৩১ জুলাই দুপুর ২ টার দিকে সীমান্তের নোমান্স ল্যান্ডে বিজিবি ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের পর বাংলাদেশ হতে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশকারী ১৫ জন বাংলাদেশী নাগরিককে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) চুয়াডাঙ্গার-৬ ব্যাটালিয় বিজিবির নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে । পরবর্তীতে তাদেরকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর বলেন গতকাল দর্শনা জয়নগর চেকপোস্ট থেকে বর্ডার গার্ড বাংলাদেশ ৬ বিজিবি ১৫ জনকে বাংলাদেশীকে আমাদের কাছে হস্তান্তর করে । আমরা তাদেরকে পৌরসভার একটি স্কুলে রাখার পর তাদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করার পাশাপাশি নিরাপত্তা প্রদান করি । আজ শুক্রবার ১ আগষ্ট বেলা সাড়ে ১১ টায় ৪ টি পরিবারের নিকট ১৫ জন বাংলাদেশীকে হস্তান্তর করা হয়েছে।

১৫ জন বাংলাদেশি হস্তান্তরপ্রাপ্ত ব্যক্তিরা হলো কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার নিজাম উদ্দীনের ছেলে রাসেল আলী(২৬) রাসেলের স্ত্রী মোছাঃ শাবানা (২১), নিজাম উদ্দীনের স্ত্রী মোছাঃ রাহিলা
(৫২) রাসেলের মেয়ে মোছাঃ আছিয়া(৩) রিয়াজ উদ্দীনের মেয়ে মোছাঃ রেশমা(১০)কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার কবীরমাহমুদ গ্রামের আজিজারের ছেলে রফিকুল (২৮)তার স্ত্রী মোছাঃ জান্নাতি (২৪), তার মেয়ে মোছাঃ রুকসানা (১০)ঢাকা গাজিপুর জেলার বাশন থানার গাজীপুর চৌরাস্তা ঈমান আলীর মোড়ের রবিউল ইসলাম (১৪), রফিকুল ইসলাম সদর (৩১), পিতা-মৃত আজিজার রহমান কবিরাজ,, মোছাঃ জান্নাতি বেগম (২৮), স্বামী মোঃ রফিকুল ইসলাম সদর, লালমনিরহাট জেলার উত্তর সাপটানা কাছেরটরি,গ্রামের আব্দুছ সালামের ছেলে রেমন আলী (০১),সহ ১৫ জন নারী পুরুষ শিশুসহ পরিবারের কাছে হস্তান্তর করেন।এরা কুড়িগ্রাম সীমান্ত দিয়ে অবৈধভাবে দীর্ঘ ১১ বছর ভারতে বসবাস করে আসছিলো।

দর্শনা সীমান্তে দিয়ে ১৫ বাংলাদেশীকে বিজিবির কাছে হস্তান্তর করল বিএসএফ

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত দিয়ে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ ১৫ জন বাংলাদেশীকে বিজিবির কাছে হস্তান্তর করেছে। আজ বৃহস্পতিবার ৩১ জুলাই দুপুর ২ টার দিকে সীমান্তের নোমান্স ল্যান্ডে বিজিবি ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের পর ওই ১৫ বাংলাদেশীকে হস্তান্তর করে। এই দিন বিকেল ৩ টার সময় চুয়াডাঙ্গার-৬ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মো. হায়দার আলী প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদেরকে বিষয়টি নিশ্চিত করেছেন।এক বিজ্ঞপ্তিতে জানানো হয় বৃহস্পতিবার দুপুর ২ টার সময় চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়ন এবং বিএসএফ-৩২ ব্যাটালিয়নের মধ্যে দর্শনা সীমান্ত মেইন পিলার ৭৬ এর নিকট শূন্য রেখায় বিজিবি-বিএসএফের ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।পতাকা বৈঠকে চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল

মো. নাজমুল হাসান এবং ৩২ বিএসএফ ব্যাটালিয়নের কমান্ড্যান্ট শ্রী সুজিত কুমারসহ সংশ্লিষ্ট কোম্পানি কমান্ডারগণ উপস্থিত ছিলেন।

পতাকা বৈঠকে পূর্বে বিভিন্ন সময়ে বাংলাদেশ হতে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশকারী ১৫ জন বাংলাদেশী নাগরিককে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক বিজিবির নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। পরে তাদেরকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

হস্তান্তরপ্রাপ্ত ব্যক্তিরা হলো কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার নিজাম উদ্দীনের ছেলে রাসেল আলী(২৬) রাসেলের স্ত্রী মোছাঃ শাবানা (২১), নিজাম উদ্দীনের স্ত্রী মোছাঃ রাহিলা (৫২) রাসেলের মেয়ে মোছাঃ আছিয়া(৩) রিয়াজ উদ্দীনের মেয়ে মোছাঃ রেশমা(১০)কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি থানার কবীরমাহমুদ গ্রামের আজিজারের ছেলে রফিকুল (২৮)তার স্ত্রী মোছাঃ জান্নাতি (২৪), তার মেয়ে মোছাঃ রুকসানা (১০),সহ ১৫ জন নারী পুরুষ অপ্রাপ্ত বয়স্ক শিশু রয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহীদ তিতুমীর বলেন,ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ ৬ বিজিবি ১৫ জনকে দর্শনা থানায় হস্তান্তর করেছে।

১৬বাংলাদেশী নাগরিককে হস্তান্তর করলো বিএসএফ

ভারতে অবৈধভাবে বসবাসরত ১৬ জন বাংলাদেশী নাগরিক বিএসএফ কর্তৃক আটকের পর বিজিরি নিকট হস্তান্তর করা হয়েছে।

মহেশপুর ৫৮ বিজিবি সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম এক লিখিত প্রেস বিজ্ঞপ্তিতে জানান, গতকাল রাত ১২টার সময় ১৯৪ বিএসএফ ব্যাটালিয়ন অধীনস্থ ভারতের কুমারিপাড়া বিএসএফ কোম্পানী কমান্ডার মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ বাঘাডাংগা কোম্পানীর খোসালপুর বিওপি কমান্ডার’কে অবগত করেন যে, ভারতে অবৈধভাবে বসবাসরত ১৬ জন বাংলাদেশীকে (পুরুষ-৪, নারী-৪ এবং শিশু-৮) বিএসএফ কর্তৃক আটক করা হয়েছে।

বিএসএফ উক্ত ১৬ জন বাংলাদেশিকে ফেরত নেয়ার জন্য বিজিবি’কে অনুরোধ করে এবং ১.৩০ মিনিটের সময় ওই ১৬ জন ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত বিস্তারিত বিজিবি’কে প্রেরণ করে। বিজিবি কর্তৃক উল্লেখিত ১৬ জন ব্যক্তির পরিচয় নিশ্চিত কেও সন্ধ্যা ৬টার দিকে (বিএসটি) সীমান্ত পিলার ৬০/৮৫-আর (পিলার) এর নিকট শূন্য লাইন বরাবর কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে বিএসএফ এর নিকট থেকে গ্রহন করে।

হস্তান্তরকৃত ব্যক্তিদের সাধারণ ডায়েরির (জিডি) মাধ্যমে মহেশপুর থানায় সোপর্দ করা হয়।

কিশোরগঞ্জ-৫ আসনের সাবেক এমপি আফজাল হোসেনকে ঢাকা ডিবি পুলিশের কাছে হস্তান্তর

কিশোরগঞ্জ-৫ আসনের সাবেক এমপি আফজাল হোসেনকে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা শাখার (ডিবি) মতিঝিল জোনের পুলিশের কাছে হস্তান্তর করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

মঙ্গলবার রাত সাড়ে ৩টার দিকে, ডিএমপির গোয়েন্দা শাখার মতিঝিল জোনের একটি টিম উপপরিদর্শক ফেরদৌস হোসেনের নেতৃত্বে তাকে গ্রহণ করে। পরে পল্টন থানায় দায়ের করা হত্যা ও বিস্ফোরক আইনের একটি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়।

হস্তান্তরের সময় মেহেরপুর সদর থানার ওসি মেসবাহ উদ্দীনসহ পুলিশের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম সন্ধ্যায় জানান, “ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) রিকুইজিশনের ভিত্তিতে সাবেক এমপি আফজাল হোসেনকে মেহেরপুর সদর থানার পুলিশ গ্রেপ্তার করে।”

ডিএমপির গোয়েন্দা শাখার মতিঝিল জোনের এসআই ফেরদৌস হোসেন

জানান, পল্টন থানায় দায়েরকৃত বিস্ফোরক ও হত্যা মামলা (মামলা নং ২৫, তারিখ ১৪/০৯/২৫) এর ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়েছে।

কিশোরগঞ্জের বাজিতপুর থানার ওসি মো. মুরাদ হোসেন জানান, “বাজিতপুর থানায় সাবেক এমপি আফজাল হোসেনের বিরুদ্ধে একটি হত্যা মামলাসহ অন্তত সাতটি মামলা রয়েছে। বেশিরভাগ মামলাই গত বছরের ৪ আগস্ট বাজিতপুর উপজেলা সদরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সশস্ত্র হামলার অভিযোগে বিস্ফোরক আইনে দায়ের করা হয়।”

এছাড়া, কিশোরগঞ্জ সদর থানায় গত আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় হতাহতের ঘটনায় আফজাল হোসেনসহ অন্যদের বিরুদ্ধে একটি হত্যা মামলা হয়।

উল্লেখ্য, সাবেক এমপি আফজাল হোসেনকে গতকাল সোমবার ভোররাতে মেহেরপুর শহরের তাহের ক্লিনিক পাড়া থেকে গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ। তিনি মুজিবনগরের সোনাপুর সীমান্ত দিয়ে ভারতে পালানোর চেষ্টা করছিলেন।

মেহেরপুরে র্যাবের অভিযানে সোয়া ৭ কেজি গাঁজাসহ এক ব্যক্তি আটক

সোয়া ৭ কেজি গাঁজাসহ মোঃ মারফত মন্ডল(৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম।

আটক মো: মারফত মন্ডল গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের মাঠপাড়া এলাকার মৃত এমাজ উদ্দীনের ছেলে।
র্যাব-১২, সিপিসি-মেহেরপুর ক্যাম্পের কমান্ডার, সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ রবিবার (২৫ জুন) সকাল ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে

সিপিসি-মেহেরপুর, ক্যাম্পের একটি দল গাংনী পৌরসভার ০৬ নং ওয়ার্ড ঈদগাহপাড়া কাঁচাবাজার সংলগ্ন স্থানে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করেন। এ সময় তার কাছ থেকে মাদক-ক্রয় বিক্রির কাজে ব্যবহৃত ১টি ব্যাটারী চালিত ভ্যান, চপ২’.১টি মোবাইল ফোন এবং নগদ এক হাজার ছয়’শ টাকা জব্দ করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আসামিকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।